68

দৈনিক ইনকিলাব

তারিখ ... 26 MAY 199[illegible] ..
পৃষ্ঠা 2 কলাম ৫

# ২৮ মে এইচএসসি আলিম ও ফাযিল পরীক্ষা শুরু হবে

**ইনকিলাব রিপোর্ট ঃ** আগামী ২৮ মে (বৃহস্পতিবার) হতে দেশের পাঁচটি শিক্ষা বোর্ডের অধীনে এইচএসসি এবং মাদ্রাসা বোর্ডের অধীনে আলিম ও ফাযিল পরীক্ষা শুরু হবে। মাদ্রাসা বোর্ডের অধীনে আগামী ৩০ মে থেকে কামিল পরীক্ষা শুরু হবে।

এইচএসসি এবং আলিম, ফাযিল ও কামিল পরীক্ষায় এবারে মোট পরীক্ষার্থীর সংখ্যা প্রায় ৬ লাখ।

ঢাকা বোর্ডের মোট পরীক্ষার্থীর সংখ্যা ১ লাখ ৬৩ হাজার ৬৮৯ জন, রাজশাহী বোর্ডের মোট পরীক্ষার্থীর সংখ্যা ১ লাখ ৩৭ হাজার

১১-এর পৃঃ ১-এর কঃ দেখুন

## এসএসসি পরীক্ষা

প্রথম পৃষ্ঠার পর

৭২৮ জন, যশোর শিক্ষা বোর্ডের মোট পরীক্ষার্থীর সংখ্যা ৯৩ হাজার ৫০৩ জন, কুমিল্লা বোর্ডের মোট পরীক্ষার্থীর সংখ্যা ৭৭ হাজার ৯৮০ জন এবং চট্টগ্রাম বোর্ডের মোট পরীক্ষার্থীর সংখ্যা ৩৮ হাজার ১৫৯ জন।

আলিম পরীক্ষায় পরীক্ষার্থীর সংখ্যা ৫৪ হাজার ৩২৮, ফাযিল পরীক্ষার্থীর সংখ্যা ২১ হাজার ৩২৫ এবং কামিল পরীক্ষার্থীর সংখ্যা ১০ হাজার ২২৮ জন। সংশ্লিষ্ট কর্তৃপক্ষসমূহ পরীক্ষা গ্রহণের যাবতীয় প্রস্তুতি ইতিমধ্যেই সম্পন্ন করেছেন। পরীক্ষা কেন্দ্রসমূহের চারপাশে ১৪৪ ধারা বলবত থাকবে।

পরীক্ষার প্রশ্নপত্রের গোপনীয়তা রক্ষায় যথাযথ সতর্কতা অবলম্বন করা হয়েছে বলে ঢাকা বোর্ডের চেয়ারম্যান জানিয়েছেন। পরীক্ষার হলে কি ধরনের ক্যালকুলেটর ব্যবহার করা যাবে এ বিষয়টি বিজ্ঞপ্তি আকারে জানিয়ে দেয়া হবে বলেও তিনি জানান।